

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
পরিকল্পনা বিভাগ  
এনইসি-একনেক ও সমন্বয় অনুবিভাগ  
একনেক শাখা ২


স্মারক নং-২০.০০.০০০০.৪১২.০৬.০৪০.২৩- ৬২

তারিখ: ১৭ বৈশাখ ১৪৩০  
৩০ এপ্রিল ২০২৩

বিষয়: ২১ মার্চ ২০২৩ তারিখে অনুষ্ঠিত একনেক সভায় প্রদত্ত অনুশাসনের আলোকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ

২১ মার্চ ২০২৩ তারিখে অনুষ্ঠিত একনেক সভায় মাননীয় প্রধানমন্ত্রী তাঁর সূচনা বক্তব্যে নিম্নরূপ অনুশাসন প্রদান করেন:

- ১৪.১(২) কৃষি পণ্য যথাযথভাবে সংরক্ষণ, প্রক্রিয়াজাতকরণ এবং বহির্বিশ্বে বাজার তৈরির ব্যবস্থা করতে হবে।
  - ১৪.১(৩) কৃষি পণ্য সংরক্ষণ, প্রক্রিয়াজাতকরণ এবং বহির্বিশ্বে বাজার তৈরির ক্ষেত্রে ক্ষুদ্র ও মাঝারি উদ্যোক্তাদের উৎসাহিত করার জন্য প্রয়োজনে প্রণোদনামূলক কোন ব্যবস্থা নেয়া যায় কি না তাও পর্যালোচনা করে দেখতে হবে।
  - ১৪.১(৪) দারিদ্র্য বিমোচনে ইতোমধ্যে তাৎপর্যপূর্ণ অগ্রগতি অর্জিত হওয়ায় প্রকল্পের নামকরণে দারিদ্র্য বিমোচন শব্দসমূহ পরিহার করে যথাযথ শব্দ ব্যবহার করতে হবে।
  - ১৪.১(৫) যথাসময়ে ও গুণগত মান বজায় রেখে প্রকল্প বাস্তবায়নের ক্ষেত্রে সংশ্লিষ্ট কর্মকর্তাদের পরিবীক্ষণ কার্যক্রম বৃদ্ধি করতে হবে।
  - ১৪.১(৬) যে সকল প্রকল্পে গাড়ী ক্রয়ের সংস্থান রয়েছে, সেক্ষেত্রে পিপিআর এর বিধান অনুসরণপূর্বক প্রগতি ইন্ডাস্ট্রিজ লিঃ এর নিকট থেকে গাড়ী ক্রয়ের বিষয়টি বিবেচনা করতে হবে।
২. বর্ণিত অবস্থায়, একনেক সভায় মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক প্রদত্ত উপরোল্লিখিত অনুশাসনের আলোকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

  
৩০/০৪/২০২৩  
(মোহাম্মদ নাজমুল হাসান খান)  
সিনিয়র সহকারী প্রধান  
ফোন: ৪৮১১৪০১২

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
৩. সিনিয়র সচিব, ....., মন্ত্রণালয়/বিভাগ।
৪. সচিব, ....., মন্ত্রণালয়/বিভাগ, ঢাকা।
৫. সদস্য (সকল), ..... বিভাগ, পরিকল্পনা কমিশন।

সদয় অবগতির জন্য অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. মাননীয় প্রধানমন্ত্রীর একান্ত সচিব ১, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
২. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, পরিকল্পনা মন্ত্রণালয়, শের-ই-বাংলা নগর, ঢাকা।
৩. মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, পরিকল্পনা মন্ত্রণালয়, শের-ই-বাংলা নগর, ঢাকা।
৪. সচিবের একান্ত সচিব, পরিকল্পনা বিভাগ, শের-ই-বাংলা নগর, ঢাকা।
৫. সিনিয়র সিস্টেম এনালিস্ট, পরিকল্পনা বিভাগ, শের-ই-বাংলা নগর, ঢাকা। (পরিকল্পনা বিভাগের ওয়েব পোর্টালে পকাশের অনুরোধসহ)